

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: মো: আবদুল ওয়াহাব ভূঞা মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ ও সময়	: ১৩ মার্চ, ২০২৩খ্রি, বেলা ১১.০০ টা
সভার স্থান	: অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, সোনার বাংলা গড়ায় প্রত্যয়ে ২০১২ খ্রিঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। তিনি সরকারের সুদূরপ্রসারী এ কার্যক্রমের মাধ্যমে অধিদপ্তরের সেবা গ্রহীতাগণের সেবা সহজে তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

০২। অতঃপর সভায় গত ২০ ডিসেম্বর, ২০২২ তারিখ এ বিষয়ে অনুষ্ঠিত ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
২.১	নতুন কোন ঔষধ উৎপাদনের পূর্বে স্ট্যাডি করার উদ্দেশ্যে এবং রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে নমুনা হিসেবে কাঁচামাল আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের বিষয়ে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে একটি সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	এ বিষয়ে ২৩/০২/২০২৩ তারিখ পরিচালক (প্রশাসন) এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় নতুন কোন মাদকদ্রব্য জাতীয় ঔষধ উৎপাদনের পূর্বে স্ট্যাডি/প্রোডাক্ট ডেভেলপমেন্ট করার লক্ষ্যে নমুনা হিসেবে আমদানীর পূর্বে অধিদপ্তর হতে ইস্যুকৃত লাইসেন্সে আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২.২	অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সে অন্তর্ভুক্ত আছে এমন কোন মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল দ্বারা কোন ঔষধের গুণগতমান উন্নয়ন/রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের প্রক্রিয়ায় সময় সাশ্রয়ের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। তবে উক্ত নমুনার পরিমাণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের বাৎসরিক কোটায় অন্তর্ভুক্ত থাকতে হবে।	নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে।
২.৩	আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে।	২য় কোয়ার্টারের প্রতিবেদনের ওপর ২২/০১/২০২৩ তারিখ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভাগীয় প্রধানগণের উপস্থিতিতে ফিডব্যাক প্রদান করা হয়েছে।
২.৪	অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে;	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল, (খ) সিটিজেন চার্টার, (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, (ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও (ঙ) তথ্য অধিকার এই ৫টি সেবাবক্স প্রস্তুতপূর্বক নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া অধিদপ্তরের কার্যক্রমের বিষয় সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

০৩। সভাপতি গত ২০ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নের বিষয়ে উপস্থিত অংশীজনের কারো কোন মতামত থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। উক্ত সভার সিদ্ধান্তের বিষয়ে অংশীজন দ্বিমত পোষণ করেননি।

০৪। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	নতুন কোন মাদকদ্রব্য জাতীয় ঔষধ উৎপাদনের পূর্বে স্ট্যাডি/প্রোডাক্ট ডেভেলপমেন্ট করার লক্ষ্যে নমুনা হিসেবে আমদানী করার পূর্বে অধিদপ্তর হতে ইস্যুকৃত লাইসেন্সে আবশ্যিকভাবে মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল অন্তর্ভুক্ত করে নিতে হবে।	পরিচালক (প্রশাসন/ চিকিৎসা ও পুনর্বাসন)
৪.২	লাইসেন্সে অন্তর্ভুক্ত মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল এবং তার অনুকূলে বরাদ্দকৃত বার্ষিক কোটা অনুযায়ী প্রাপ্যতার মধ্যে থাকলে রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে কাঁচামাল আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র দ্রুততার সাথে প্রদান করতে হবে।	
৪.৩	মাদকবিরোধী সচেতনতায় অধিদপ্তরের সোশ্যাল মিডিয়ায়/ফেসবুক পেজে লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য আপলোড করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ সহকারী প্রোগ্রামার

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/৩/২০২৩
(মো: আবদুল ওয়াহাব জুয়েগা)
মহাপরিচালক (প্রড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১. ৭৬৫

০৯ চৈত্র, ১৪২৯
তারিখ: -----
১৫ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব/জনসংযোগ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।

শামীম আহমেদ
উপপরিচালক (প্রশাসন)